

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৬১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ ঐ ব্যক্তি অবধারিতভাবে জান্নাতে প্রবেশ করবেই, যে ব্যক্তি ইয়াতিমদের দায়িত্বভার গ্রহণ করে তাদের মাঝে ইনসাফ করে এবং যুলম করা থেকে দূরে থাকে

ذِكْرُ إِيجَابِ دُخُولِ الْجَنَّةِ لِلْمُتَكَفِّلِ الْأَيْتَامَ إِذَا عَدَلَ فِي أُمُورِهِمْ وَتَجَنَّبَ الْحَيْفَ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا هَارُونُ بْنُ مَعْرُوفِ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي حَازِمٍ عَنْ أَبِيهِ: عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنَا وَكَافِلُ الْيَتِيمِ فِي الْجَنَّةِ هَكذَا وأشار بالسبابة والوسطى.) الراوي: سَهْل بْن سَعْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المعدث: صحيح ابن حبان الصفحة أو الرقم: 461 اخلاصة حكم المحدث: صحيح -

বাংলা

৪৬১. সাহল বিন সা'দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আমি ও ইয়াতিমের দায়িত্বভার গ্রহণকারী এভাবে জান্নাতে থাকবো।" রাবী বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই বলে তর্জনী ও মধ্যমা অঙ্গুলী দিয়ে ইশারা করেন।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (هَكَذَا) أَرَادَ بِهِ فِي دُخُولِ الْجَنَّةِ لَا أَنَّ كَافِلَ الْيَتِيمِ تَكُونُ مَرْتَبَتُهُ مَعَ مَرْتَبَةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْجَنَّةِ وَاحِدَةً.

আবু হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "এভাবে থাকবো" এর দ্বারা উদ্দেশ্য হলো জান্নাতে প্রবেশ করা; এর দ্বারা এটা উদ্দেশ্য নয় যে, জান্নাতে ইয়াতিমের দায়িত্বভার গ্রহণকারী ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মর্যাদাগত অবস্থান একই হবে।"

ফুটনোট



[1] সহীহ আল বুখারী: ৫৩০৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬/২৮৩; আবু দাউদ: ৫১৫০; তিরমিযী: ১৯১৮; মুসনাদ আহমাদ: ৫/৩৩৩; সহীহ মুসলিম: ২৯৮৩; ইবনু মাজাহ: ৩৬৭৯; আদাবুল মুফরাদ: ১৩৭; মাজমা'উয যাওয়াইদ: ৮/১৬০।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৮০০, ৯৬২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন